থানায় বসেই ফোনে হত্যার হুমকি পেলেন এনসিপি নেত্রী মিতু



এনসিপি নেত্রী মিতু। ছবি: সংগৃহীত

প্রাণনাশের হুমকির ঘটনায় অভিযোগ জানাতে থানায় গিয়েছিলেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক ও রাজনৈতিক পর্ষদের সদস্য ডা. মাহমুদা মিতু। সেখানে বসেই অপরিচিত একটি নম্বর থেকে আবারও হত্যার হুমকি পেয়েছেন তিনি। সংরক্ষিত নারী আসনের এই সংসদ সদস্যকে কয়েক দিন ধরেই হুমকি দেওয়া হচ্ছে বলে জানিয়েছে দলটি।

সোমবার (১৬ নভেম্বর) দুপুর ২টার দিকে রাজধানীর তেজগাঁও থানায় এ ঘটনা ঘটে বলে এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে।

দলটির দাবি, প্রাণনাশের হুমকির বিষয়ে অভিযোগ দিতে থানায় অবস্থান করার সময় মিতুর মুঠোফোনে একটি বাংলাদেশি নম্বর থেকে কল আসে। ফোনের অপর প্রান্ত থেকে তাঁকে হাতুড়ি দিয়ে হাত ভেঙে দেওয়ার হুমকি দেওয়া হয়। এ সময় তাঁকে উদ্দেশ করে অশালীন ভাষাও ব্যবহার করা হয়।

জবাবে মিতু ফোনের অপর প্রান্তের ব্যক্তিকে দেশে এসে কথা বলার চ্যালেঞ্জ জানান বলে জানিয়েছে এনসিপি।

LENS ASIA